টানা দ্বিতীয়বার জামায়াতের পুনরায় আমির নির্বাচিত ডা. শফিকুর রহমান

সংগৃহীত ছবি

বাংলাদেশ জামায়াতে ইসলামীর পরবর্তী তিন বছরের (২০২৬–২০২৮) কার্যকালের জন্য আবারও দলের সর্বোচ্চ নেতৃত্বে নির্বাচিত হয়েছেন ডা. শফিকুর রহমান।

শনিবার (১ নভেম্বর) রাতে জামায়াতের প্রধান নির্বাচন কমিশনার ও সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এটিএম মা'ছুম আনুষ্ঠানিকভাবে নির্বাচনের ফল ঘোষণা করেন। এরপর রোববার (২ নভেম্বর) সংগঠনের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করা হয়।

জামায়াত জানায়, ৯ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত সারাদেশে রুকনদের (সদস্যদের) অংশগ্রহণে গোপন ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। ভোট শেষে নির্ধারিত কমিটি গণনা সম্পন্ন করে ফলাফল নির্বাচন কমিশনের কাছে জমা দেয়।

চূড়ান্ত ফল অনুযায়ী, সর্বাধিক ভোট পেয়ে ডা. শফিকুর রহমান আগামী তিন বছরের জন্য বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির হিসেবে দায়িত্ব পালন করবেন।

LENS ASIA